

া সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৬৩৮৯

৮০/ দু'আসমূহ (كتاب الدعوات)

পরিচ্ছেদঃ ৮০/৫৫. নাবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর দু'আঃ হে আমাদের রব্ব! আমাদের এ জগতে কল্যাণ দাও।

بَابِ قَوْلِ النَّبِيِّ صلى الله عليه وسلم رَبَّنَا آتِنَا فِي الدُّنْيَا حَسَنَةً

আরবী

حَدَّثَنَا مُسَدَّدُ، حَدَّثَنَا عَبْدُ الْوَارِثِ، عَنْ عَبْدِ الْعَزِيزِ، عَنْ أَنسٍ، قَالَ كَانَ أَكْثَرُ دُعَاءِ النَّبِيِّ صلى الله عليه وسلم " اللَّهُمَّ رَبَّنَا آتِنَا فِي الدُّنْيَا حَسَنَةً، وَفِي الآخِرَةِ حَسَنَةً، وَقِنَا عَذَابَ النَّارِ ".

বাংলা

৬০৮৯. আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অধিকাংশ সময়ই এ দু'আ পড়তেনঃ হে আমাদের রব! আমাদেরকে দুনিয়াতে কল্যাণ দাও এবং আখিরাতেও কল্যাণ দাও এবং আমাদেরকে জাহান্নামের অগ্নি থেকে রক্ষা কর। (সূরা আল-বাকারাহ ২/২০১) [৪৫২২; মুসলিম ৪৮/৯, হাঃ ২৬৯০, আহমাদ ১৩৯৩৮] (আধুনিক প্রকাশনী- ৫৯৪১, ইসলামিক ফাউন্ডেশন- ৫৮৩৪)

English

Narrated Anas:

The most frequent invocation of The Prophet (ﷺ) was: "O Allah! Give to us in the world that which is good and in the Hereafter that which is good, and save us from the torment of the Fire." (2.201)

হাদিসের শিক্ষা

- * এই হাদীস হতে শিক্ষণীয় বিষয়:
- ১। যে ব্যক্তি জেনে শুনে প্রকৃত ইসলাম ধর্মের শিক্ষা মোতাবেক সততা ও একনিষ্ঠতার সহিত ঈমান, আমল এবং



চরিত্র ঠিক রাখতে পারবে, সে ব্যক্তি দুনিয়াতে এবং পরকালে সুখ, শান্তি এবং নিরাপত্তা লাভ করতে পারবে। ২। এই দোয়টির মধ্যে সর্ব প্রকার মঙ্গল নিহিত রয়েছে; তাই মুসলিম ব্যক্তি যেন এই দোয়াটি অধিকতর পাঠ করে। এবং হারাম ও সন্দেহের বিষয়গুলি থেকে নিজেকে রক্ষা করে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন